

৪। (ক) “সব ছবিরই দুটো দিক থাকে, বলবার কথা আর বলবার ভাষা” — লেখক ‘বলবার কথা’ এবং ‘বলবার ভাষা’ - কে কী ভাবে বুঝিয়েছেন, তা নিজের ভাষায় লেখো।

৮+৭

[অথবা], “..... স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরেই শিক্ষার বাহন হিসাবে মাতৃভাষা ব্যবহারের সময় এসে গেছে” -কোন প্রসঙ্গে লেখক এই কথা বলেছেন? বিদেশি ভাষায় শিক্ষা গ্রহণ করার কোন্ অসুবিধার কথা লেখক উল্লেখ করেছেন? মাতৃভাষা ব্যবহার প্রসঙ্গে লেখক জাপানের যে অভিজ্ঞতার কথা বলেছেন, তা সংক্ষেপে লেখো।

৩+৪+৮

৫। (ক) “রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ — ইহার অলীকতা ও অবাস্তবতা”। — লেখক কীভাবে এই অভিযোগের খণ্ডন করেছেন তা লেখো। মানুষের জীবনে রূপকথার প্রভাব সম্পর্কে লেখকের মতামত ব্যক্ত করো। ১০+৫ [অথবা], ‘ঈশ্বরচন্দ্র গুপ্ত’ প্রবন্ধে লেখক যেভাবে সংশ্লিষ্ট কবির কাব্য-কৃতির মূল্যায়ন করেছেন তা নিজের ভাষায় লেখো।

১৫

৬। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো :

২০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে মানবতাবাদী চেতনা

(খ) মধুসূদনের কাব্যে নারী

(গ) রবীন্দ্রনাথের ছোটগল্প

(ঘ) বাংলার লোকায়ত সাহিত্য

(ঙ) দুই বিশ্বযুদ্ধ মধ্যবর্তীকালের বাংলা কবিতা

(চ) বাংলা কথাসাহিত্যে দেশভাগ ও দাঙ্গা

(ছ) উনিশ শতকের বাংলা নাটক

অষ্টম পত্র — ২০১১

পূর্ণমান—১০০

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ, ১০ নম্বরের প্রশ্নে ২০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে

১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কালিদাস রচিত যে-কোনো দুটি নাটক অবলম্বনে নাট্যকার হিসাবে তাঁর মূল্যায়ন করো।

১৫

(খ) গীতগোবিন্দম্ কাব্য সম্পর্কে তোমার অভিমত জানিয়ে বাংলা সাহিত্যের ইতিহাসে গ্রন্থটির প্রভাব বিষয়ে আলোচনা করো।

১০+৫

(গ) বাণভট্ট সংস্কৃত সাহিত্যের কোন্ শাখা অবলম্বনে সাহিত্যসৃষ্টি করেছিলেন? তাঁর রচিত গ্রন্থগুলির নাম কী? বাণভট্টের কবি প্রতিভার পরিচয় দাও। ১+২+১২

২। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো :

৫

মেঘদূত, মালতীমাধব, মুচ্ছকটিক, মহাবীরচরিত, ঋতুসংহার।

- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) শেলী রোমান্টিক যুগের শ্রেষ্ঠ গীতিকবি'। — শেলীর গীতিকবিতা আলোচনা করে এই মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ১৫
- (খ) ঔপন্যাসিকরূপে চার্লস ডিকেন্সের কৃতিত্বের পরিচয় দাও। ১৫
- (গ) কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য বার্গার্ড শ-কে আধুনিক যুগের শ্রেষ্ঠ নাট্যকার বলা যায় আলোচনা করো। ১৫
- ৪। যে-কোনো একটি বিষয় নিয়ে আলোচনা করো : ৫
- শেক্সপীয়রের সনেট, ওথেলো, প্যারাডাইস লস্ট, দ্য প্রেলিউড, ওয়েস্ট ল্যাণ্ড।
- ৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) হিন্দী সাহিত্যের ধারায় ভারতেন্দু হরিশ্চন্দ্রের দান সম্পর্কে আলোচনা করো। ১৫
- (খ) ছায়াবাদ কী? ছায়াবাদী কবি হিসাবে 'নিরাদা'র মূল্যায়ন করো। ৫+১০
- (গ) ছোটগল্পকার হিসাবে প্রেমচন্দ্রের কৃতিত্বের পরিচয় দাও। ১৫
- ৬। যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৫×২
- গোদান, ময়লা আঁচল, জুলুস, দীপশিখা, নীরজা, কর্মভূমি।
- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) "কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় — সহৃদয় কাব্য পাঠকের মন"। — 'সহৃদয় কাব্যপাঠক' বলতে কী বোঝানো হয়েছে? সহৃদয় কাব্যপাঠকের মনে কীভাবে কাব্যরস সৃষ্টি হয় তা আলোচনা করো। ৫+১০
- (খ) 'কাব্যম্ গ্রাহ্যম্ অলংকারাৎ' — কাব্যের আত্মানুসন্ধানে এই মতের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ১৫
- (গ) 'কাব্যের আত্মা হচ্ছে তার বাচ্য নয় ব্যঞ্জনা, কথা নয় ধ্বনি' — বাচ্য ও ব্যঞ্জনা শব্দদুটির তাৎপর্য ব্যাখ্যা করো। ধ্বনিবাদী আলংকারিকগণ কীভাবে তাঁদের এই সিদ্ধান্ত প্রতিষ্ঠা করেছেন, আলোচনা করো। ৪+৪+৭
- ৮। যে-কোনো একটি বিষয় সম্পর্কে আলোচনা করো। ৫
- বিভাব, নবরস
- ৯। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) 'অপরূপকে রূপের দ্বারা ব্যক্ত করিতে গেলে বচনের মধ্যে অনির্বচনীয়তাকে রক্ষা করা চাই' — প্রসঙ্গ নির্দেশ সহ বিষয়টি আলোচনা করো। ২+১০
- (খ) 'সৌন্দর্যসৃষ্টি করা অসংযত কল্পনাবৃত্তির কর্ম নহে।' — সংশ্লিষ্ট প্রবন্ধ অবলম্বনে সৌন্দর্য ও সংযমের সম্পর্ক আলোচনা করো। ১৫
- (গ) 'মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে।' — 'মন', 'প্রকৃতি' ও 'সাহিত্য' কীভাবে পরস্পরের সঙ্গে সম্পর্কসূত্রে আবদ্ধ তা দেখাও। প্রসঙ্গত প্রাবন্ধিক আদর্শ সাহিত্য সমালোচকের কাছে কী যোগ্যতা প্রত্যাশা করেছেন তা-ও আলোচনা করো। ১০+৫